# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫১৮৩

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفصْلُ الثَّنِفْ

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «النَّفَقَةُ كُلُّهَا فِي سَبِيلِ اللَّهِ إِلَّا الْبِنَاءَ فَلَا خَيْرَ فِيهِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

اسناده ضعیف ، رواه الترمذی (2482) * زافر : صدوق ضعیف الحدیث ضعفہ الجمھور من کثرۃ اوھامہ کما حققتہ فی التعلیق علی تھذیب التھذیب ۔
(ضَعِيف)

বাংলা

৫১৮৩-[২৯] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন : (কোন ব্যক্তির জীবনধারণের) প্রত্যেকটি খরচ আল্লাহ তা'আলার রাস্তায় খরচ করার মধ্যে গণ্য- কেবল ঘর-বাড়ি ব্যতীত। কেননা তাতে কোন উপকার নেই। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন : হাদীসটি গরীব]

ফুটনোট

যঈফ : শারীব ইবনু বিশর সত্যবাদী তবে ভুল করে আর যাফির প্রচুর ভুল করে, যেমন- “আত্ তাকরীবে” আছে, আর ইমাম মানাবী তৃতীয় আরেকটি দোষের কথা উল্লেখ করেছেন তা হলো মুহাম্মদ ইবনু হুমায়দ আর রযী তিরমিযীর শায়খ, ইমাম বুখারী বলেন : ফীহি নাযরুন, তার ব্যাপার কথা আছে, তিরমিযী ২৪৮২, য'ঈফুল জামি ৫৯৯৪, য'ঈফ আত্ তারগীব ওয়াত তারহীব ১১৭৯, মুসনাদে বাযার ৭৫২২, হিদায়াতু রুওয়াত ৫১১১, ৫/১২ পৃ.

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلَّا الْبِنَاءَ) এখানে প্রয়োজনের অতিরিক্ত অর্থাৎ অপচয় করার কারণে কোন সওয়াব নেই।

(মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85163

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন